**সংবাদ বিজ্ঞপ্তি** **ঢাকা, ২২মার্চ ২০১০**

**বিশ্ব পানি দিবস ২০১০ উদযাপন**

# টিআইবি'র উদ্যোগে মানব বন্ধনের আয়োজন

আজ এক 'মানব বন্ধন' কর্মসূচীর মধ্য দিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বিশ্ব পানি দিবস, ২০১০উদযাপন করেছে। 'সুস্থ্য পৃথিবীর জন্য বিশুদ্ধ পানি' শ্লোগানকে সামনে রেখে জাতীয় প্রেস ক্লাবের সামনে আজ সকাল ১০টায় বিভিন্ন সহযোগী সংগঠনসমূহকে সাথে নিয়ে এ কর্মসূচীর আয়োজন করা হয়।

দেশের পানি সমস্যা সমাধানে সরকারী-বেসরকারী সংগঠন, ব্যবসায়ী ও সুশীল সমাজসহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মধ্য দিয়ে রাজনৈতিকভারে এর সমাধান করার দাবী জানানো ছিল আজকের এই মানব বন্ধনের উদ্দেশ্য। টিআইবি আয়োজিত এ মানব বন্ধনের নেতৃত্ব দিয়েছেন টিআইবি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব এম. হাফিজউদ্দিন খান। এছাড়াও ঢাকা ওয়াসার প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক জনাব খন্দকার আজহারুল হক, ওয়াটার এইড এর পরিচালক ড. এস আই জিন্নাহ প্রমূখ উপস্থিত ছিলেন।

বিশ্বের অনেক দেশের মত বাংলাদেশেরও পানিসম্পদ খাত দুর্নীতিতে আক্রান্ত। বিশ্বব্যাংকের তথ্য অনুযায়ী পানিসম্পদ ব্যবস্থাপনায় দুর্বলতার কারণে বাংলাদেশকে প্রতিবছর ৬৭০ মিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হতে হয়। টিআইবি'র গবেষণায় পানিসম্পদ আইনের প্রয়োগ না হওয়া, ক্ষমতার কেন্দ্রীকরণ এবং স্বচ্ছতা ও দায়বদ্ধতা না থাকার কারণে এটি অন্যতম দুর্নীতিগ্রস্ত খাত হিসেবে চিহ্নিত হয়েছে। অন্যদিকে, বাংলাদেশ পানিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিভিন্ন প্রকল্পের ৪৪৪ কোটি টাকার দুর্নীতির অভিযোগ দুর্নীতি দমন কমিশনের (দুদক) তদন্তাধীন রয়েছে।

১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনেরিওতে অনুষ্ঠিত জাতিসংঘের পরিবেশ ও উন্নয়ন বিষয়ক বিশেষ সম্মেলনে বিশ্ব পানি দিবস পালনের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী জাতিসংঘ সাধারণ পরিষদ পানিসম্পদ খাতের সমস্যা মোকাবেলায় সরকার ও জনগণসহ সংশ্লিষ্ট পক্ষকে জাতীয় ও স্থানীয় বাস্তবতার পরিপ্রেক্ষিতে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে প্রতি বছর ২২ মার্চ বিশ্ব পানি দিবস পালনের আহ্বান জানায়। ১৯৯৩ সাল থেকে বিশ্বব্যাপি এই দিবসটি গুরুত্বের সঙ্গে পালিত হয়ে আসছে।

২০০৮ সালে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (টিআই) এর গ্লোবাল করাপশন রিপোর্ট ২০০৮ এবং জাতিসংঘের মানব উন্নয়ন প্রতিবেদন ২০০৬ এ পানিসম্পদ খাতে দুর্নীতি বন্ধ করা এবং এ খাতে বিরাজমান সমস্যাকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করার জন্য বিশ্বের সকল রাষ্ট্র ও সংশ্লিষ্ট পক্ষের প্রতি আহ্বান জানানো হয়। এবারের বিশ্ব পানি দিবসের সার্বিক লক্ষ্য হলো পানির বিশুদ্ধতা রক্ষার বিষয়টি রাজনৈতিক পর্যায়ে বিবেচনার বিষয় হিসেবে নির্ধারণ।

টিআইবি আয়োজিত এ মানব বন্ধনে বাংলাদেশ ওয়াটার পার্টনারশীপ, ওয়াটার এইড, দুস্থ স্বাস্থ্য কেন্দ্র, ঢাকা আহছানিয়া মিশন, পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার- (পিএসটিসি), কোয়ালিশন ফর দি আরবান পুওর এর কর্মী ও নেতৃবৃন্দ এবং টিআইবি'র ঢাকা ইয়েস এর তরুণ সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

**গণমাধ্যম যোগাযোগ**
**এস. এম. রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org